

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ মে ২০২২

বৌদ্ধ পূর্ণিমার শোভাযাত্রা উদ্বোধনী অনুষ্ঠানে ভারপ্রাপ্ত মেয়র
সম্প্রীতিময় আদর্শ সমাজ গঠনে
সবার ভূমিকা অপরিহার্য

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দীন বলেন, বৌদ্ধ সম্প্রদায়ের বড় উৎসব বৌদ্ধ পূর্ণিমা। গৌতম আদর্শ দারণ ও লালন করে আমাদের এই দেশকে শান্তিপূর্ণ দেশ হিসেবে গড়ে তুলতে সবাইকে ভূমিকা রাখতে হবে। তিনি বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে বলেন, সম্প্রীতিময় আদর্শ সমাজ গঠনে সবার ভূমিকা অপরিহার্য। হাজার বছর ধরে আমাদের এই ভূখণ্ডে সব ধর্মের মানুষ উৎসব মুখর পরিবেশে নিজ-নিজ ধর্মের আচার অনুষ্ঠান নির্বিঘ্নে পালন করে আসছে, এবং বাংলাদেশের সংবিধানে সবার সমঅধিকার নিশ্চিত করা হয়েছে। এই দেশে ধর্ম যার যার উৎসব সবার। তিনি আজ রোববার সকালে আন্দরকিল্লাহ সিটি কর্পোরেশনের পুরাতন ভবন চত্বরে থেকে বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে বৌদ্ধ পেশাজীবী পরিষদের উদ্যোগে আয়োজিত শোভাযাত্রার উদ্বোধন কালে একথা বলেন।

শোভাযাত্রার প্রাক্কালে আরো বক্তব্য রাখেন-ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী, পুলক খাস্তগীর, নির্বাহী প্রকৌশলী জয়সেন বড়ুয়া, বৌদিমিত্র বড়ুয়া, জ্যাতিপ্রিয় বড়ুয়া, বিভাস বড়ুয়া, বিক্রম বড়ুয়া, রিপন বড়ুয়া প্রমুখ। ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, আমাদের দেশে সব ধর্মের মানুষ একত্রিত হয়ে ধর্মীয় বিভিন্ন আচার অনুষ্ঠান উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপন করে। ভবিষ্যৎ প্রজন্মও যাতে এমন সুন্দর পরিবেশে সম্প্রীতির মাধ্যমে সুখে-দুখে একে অপরে মেলবন্দনে এদেশে বাস করবে এই আশা ব্যক্ত করি।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩